গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বিপ্র-৮ শাখা (এনসিএসটি সেল)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
**www.most.gov.bd**

স্মারক নং:- ৩৯.০০.০০০০.০৩৫.০২.০০২.২৪.**১৯৭**

তারিখ: ১২ আষাঢ় ১৪৩২
২৬ জুন ২০২৫

**বিষয়ঃ ২০২৫-২০২৬ অর্থবছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে এবং বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক প্রতিষ্ঠানসমূহকে আর্থিক অনুদান প্রদানের জন্য আবেদন আহবান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক ২০২৫-২০২৬ অর্থবছরে বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে এবং বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক প্রতিষ্ঠানসমূহকে আর্থিক অনুদান প্রদানের জন্য বাংলা ও ইংরেজি জাতীয় দৈনিকে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। উল্লিখিত বিজ্ঞপ্তি দুটির কপি মহোদয়ের সদয় অবগতি ও তাঁর অধিক্ষেত্রে বহুল প্রচারের জন্য এসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বিজ্ঞপ্তি ২ টির কপি

২৬/০৬/২০২৫
মো: রবিউল ইসলাম
উপসচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

জেলা প্রশাসক (সকল জেলা)

[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)]

অনুলিপিঃ

১। উপদেষ্টার একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (বিপ্র) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। যুগ্ম সচিব (বিপ্র-২), এর ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অফিস কপি/গার্ড ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বিপ্র-৮ শাখা (এনসিএসটি সেল)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
**www.most.gov.bd**

স্মারক নং:- ৩৯.০০.০০০০.০৩৫.০২.০০২.২৪.১৮৩

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪৩২ / ২৬ মে ২০২৫ খ্রি:

## বিজ্ঞপ্তি

**বিষয়: ২০২৫-২০২৬ অর্থবছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক বেসরকারি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে অনুদান প্রদানের জন্য আবেদন আহবান।**

২০২৫-২০২৬ অর্থবছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক বিজ্ঞানাগারে ব্যবহার্য কেমিক্যালস/যন্ত্রপাতি ক্রয়ের লক্ষ্য আর্থিক অনুদান প্রদানের উদ্দেশ্যে "বেসরকারি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান/বিজ্ঞান ক্লাবসমূহকে আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত সাধারণ নীতিমালা, ২০২৫ (সংশোধিত)" অনুসারে দেশের বেসরকারি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের নিকট থেকে শুধুমাত্র অনলাইনের মাধ্যমে (https://grant.most.gov.bd/en/services/most/non-govt-institute) আবেদন আহবান করা যাচ্ছে। আবেদনপত্রে অনুদানের জন্য সর্বোচ্চ ১,০০,০০০ (এক লক্ষ) টাকা পর্যন্ত প্রস্তাব করা যাবে।

২। নীতিমালাসহ আবেদনপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্য বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।

৩। আবেদনের ক্ষেত্রে যে সকল শর্ত পালন করতে হবে:

ক. আর্থিক অনুদান প্রাপ্তির জন্য আবেদনের সাথে উপজেলা নির্বাহী অফিসার (UNO)/ অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি (মেট্রোপলিটন এলাকার জন্য) এর প্রত্যয়ন নিতে হবে;

খ. অনুদানের অর্থ দ্বারা কোন অবস্থাতেই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কোন প্রকার ভৌত অবকাঠামো নির্মাণ বা নির্মাণ সামগ্রী ক্রয় করতে পারবে না;

গ. বাংলাদেশ সরকারের শিক্ষা বোর্ডসমূহের স্বীকৃতিপ্রাপ্ত এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বিজ্ঞান বিভাগের অনুমোদন থাকতে হবে;

ঘ. প্রতি অর্থবছরে নিয়মিত প্রকাশনা, সম্মেলন, সিম্পোজিয়াম, কর্মশালা বা প্রদর্শনীর আয়োজন সম্পর্কে তথ্যাদি পেশ করতে হবে;

ঙ. শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত আয়ের উৎস থাকতে হবে;

চ. শিক্ষা প্রতিষ্ঠানের জন্য বাংলাদেশের যে কোন তপশিলি ব্যাংকে একটি চলতি অনলাইন হিসাব থাকতে হবে এবং মাসভিত্তিক গচ্ছিত অর্থের ব্যাংক সার্টিফেকেট দাখিলের নিশ্চয়তা প্রদানসহ এ মর্মে একটি সনদপত্র/অঙ্গীকারনামা আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে;

ছ. শিক্ষা প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ অডিট রিপোর্টসহ বার্ষিক আয়-ব্যয় এবং অন্যান্য উৎস থেকে প্রাপ্ত সরকারি অনুদানের বিবরণী দাখিল করতে হবে; এবং

জ. বিগত সময়ে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় থেকে কোন অনুদান পাওয়া গেলে উক্ত অনুদানের ব্যয়-বিবরণী দাখিল করতে হবে।

৪। প্রাপ্ত অনুদানের অর্থ ব্যবহারের শর্তাবলি:

ক. অনুদানের অর্থ দ্বারা কোন অবস্থাতেই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কোন প্রকার ভৌত অবকাঠামো নির্মাণ বা নির্মাণ সামগ্রী ক্রয় যাবে না;

খ. অনুদানের অর্থ দ্বারা কোন অবস্থাতেই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্মকর্তা/কর্মচারীদর বেতন ভাতাদি/সম্মানি প্রদান বা অফিস পরিচালনার জন্য ব্যয় নির্বাহ করা যাবে না;

গ. অনুদানের অর্থ দ্বারা শুধু বিজ্ঞানাগারে ব্যবহার্য কেমিক্যালস/যন্ত্রপাতি ক্রয় করা যাবে;

ঘ. অনুদানের অর্থ নির্দিষ্ট অর্থবছরের মধ্যে যথাযথভাবে ব্যবহারে অসমর্থ হলে মঞ্জুরিকৃত সম্পূর্ণ অর্থ অথবা আংশিক অব্যয়িত অর্থ ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করে জমা প্রদানের রশিদ (ট্রেজারি রশিদের সনদপত্র-CTRসহ) মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।

ঙ. এ অর্থ ব্যয়ে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এ উল্লিখিত যাবতীয় বিধি-বিধান ও নিয়মকানুন যথাযথভাবে প্রতিপালন করতে হবে এবং

চ. এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে কমপক্ষে ৩ (তিন) সদস্য বিশিষ্ট ক্রয় কমিটি কর্তৃক ক্রয় কার্যক্রম সম্পাদন করতে হবে। মেট্রোপলিটন এলাকার ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক গঠিত কমিটির মাধ্যমে (তাঁর প্রতিনিধির নেতৃত্বে) ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৫। যথাযথভাবে পূরণকৃত আবেদনপত্র (সংযুক্ত কাগজপত্রসহ) আগামী ১৮ জুলাই ২০২৫ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে অনলাইনে সাবমিট করতে হবে। আবেদনের হার্ডকপিও এ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বরাবর ডাকযোগে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। সংযুক্ত সকল কাগজপত্র ১ম শ্রেণির সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নীতিমালার সঙ্গে সঙ্গতিপূর্ণ নয় এমন আবেদনপত্র অযোগ্য হিসেবে বিবেচিত হবে।

৬। আবেদনের সঙ্গে প্রয়োজনীয় তথ্যাদি ও কাজগপত্র সংযুক্ত করা না হলে আবেদনটি বাতিল বলে গণ্য হবে।

৭। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন বা পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষণ করে।

২৬.০৫.২০২৫

মোঃ রবিউল ইসলাম
উপসচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
ফোন: ৯৫১৫৪৩৩
email: section35@most.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বিপ্র-৭ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

নম্বর: ৩৯.০০.০০০০.০১২.০২.০১১.২৪.১১৫

তারিখ : ০৭ জ্যৈষ্ঠ ১৪৩২ / ২১ মে ২০২৫

# বিজ্ঞপ্তি

[বিজ্ঞান ও প্রযুক্তি সচেতন জনগণ বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়নের ভিত্তি]

**বিষয়: ২০২৫-২০২৬ অর্থবছরে বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক প্রতিষ্ঠানসমূহকে আর্থিক অনুদান প্রদানের জন্য আবেদন আহ্বান।**

২০২৫-২০২৬ অর্থবছরে বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক প্রতিষ্ঠানসমূহকে আর্থিক অনুদান প্রদানের জন্য অনলাইনে **(https://grant.most.gov.bd/en/services/most/scientific-organization-grant)** দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

২। **শর্তাবলি:**

(ক) বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক প্রতিষ্ঠান বলতে বাংলাদেশের ভৌগোলিক সীমানায় অবস্থিত বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক কার্যাবলী পরিচালনা/উন্নয়নমূলক কাজ সম্পাদন/বিজ্ঞান বিষয়ক জার্নাল প্রকাশনা এবং সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালা/প্রদর্শনী আয়োজনকারী বিশ্ববিদ্যালয়/বিজ্ঞানভিত্তিক প্রতিষ্ঠান এবং বিজ্ঞানসেবী সংস্থাকে বুঝাবে। এক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয় কেন্দ্রিক বিজ্ঞানসেবী ও বিজ্ঞানভিত্তিক প্রতিষ্ঠান/ক্লাব অগ্রাধিকার প্রাপ্ত হবে।

(খ) প্রতিষ্ঠানের পক্ষে সভাপতি/চেয়ারম্যান অথবা সাধারণ সম্পাদক/মহাসচিব আবেদন করতে পারবেন। সরকারি অনুদানের অর্থ ব্যয়ের সকল দায়দায়িত্ব আবেদনকারীর উপর বর্তাবে।

(গ) আবেদনকারীকে সংশ্লিষ্ট নীতিমালায় উল্লিখিত শর্ত ও নির্দেশনা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে (নীতিমালা মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.most.gov.bd এ পাওয়া যাবে)।

(ঘ) অনলাইনে আবেদন করার জন্য উপরের লিংকের ওয়েব পেজ থেকে প্রথমে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের Integrated Digital Service Delivery Platform (IDSDP)-এ নিবন্ধিত হতে হবে। নিবন্ধিত হওয়ার পর বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক প্রতিষ্ঠানসমূহকে আর্থিক অনুদানের ফরম পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণ করার সময় আবেদনকারীর সাম্প্রতিক সময়ে তোলা ছবি, জাতীয় পরিচয়পত্রের (NID/SMART CARD) স্ক্যান কপিসহ চাহিত সকল তথ্য/দলিলাদি সংযুক্ত/আপলোড করতে হবে। আবেদনকারী কর্তৃক প্রদত্ত মোবাইল নাম্বার উক্ত NID-এর বিপরীতে নিবন্ধিত হতে হবে। এ বিজ্ঞাপন প্রকাশের তারিখ থেকে **আগামী ১০ জুলাই ২০২৫ তারিখ রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত** আবেদন সাবমিটের জন্য লিংক সক্রিয় থাকবে।

(ঙ) একটি সংস্থা/প্রতিষ্ঠান কেবলমাত্র ০১ (এক)টি আবেদন দাখিল করতে পারবে।

(চ) নির্ধারিত চারটি ক্ষেত্র যথা- (ক) জীববিজ্ঞান, চিকিৎসাবিজ্ঞান ও পুষ্টিবিজ্ঞান (খ) ফলিত বিজ্ঞান ও প্রকৌশল (গ) ভৌতবিজ্ঞান এবং (ঘ) কৃষি ও পরিবেশ বিজ্ঞান বিষয়ে জনগণের বিজ্ঞান সচেতনতা বাড়ানোর উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

(ছ) আর্থিক অনুদানের পরিমাণ সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ টাকা)।

(জ) চূড়ান্তভাবে নির্বাচিত হলে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে নির্ধারিত হলফনামা প্রদান করতে হবে এবং বিধি মোতাবেক ভ্যাট/ট্যাক্স কর্তনপূর্বক চালানের মূল কপি আপলোড করতে হবে।

(ঝ) অনুদানের অর্থ দ্বারা কী কী কাজ, কখন ও কোথায় বাস্তবায়ন করা হবে তা আবেদনপত্রের সংশ্লিষ্ট অনুচ্ছেদে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। কেবলমাত্র এক অর্থবছরে বাস্তবায়নযোগ্য প্রস্তাব সাবমিট করতে হবে।

(ঞ) প্রতিষ্ঠান যে উপজেলায় অবস্থিত উক্ত উপজেলার উপজেলা নির্বাহী অফিসার বা সিটি কর্পোরেশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট আঞ্চলিক কর্মকর্তা বা বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট রেজিস্ট্রার কর্তৃক নির্ধারিত ফরমেটে সুপারিশপত্র পূরণপূর্বক আপলোড করতে হবে।

৩। সংস্থা/প্রতিষ্ঠানের যোগ্যতা ও করণীয়-

(ক) অনুদান প্রাপ্তির জন্য সংস্থা/প্রতিষ্ঠানের অনুকূলে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, ঢাকা কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ নিবন্ধন সনদ অনুমোদন/স্বীকৃতির প্রমাণক সংযুক্ত/আপলোড করতে হবে। অন্য কোন প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সনদ গ্রহণযোগ্য হবে না।

(খ) বিজ্ঞানের যে শাখার জন্য আবেদন করা হবে সে সংশ্লিষ্ট কার্যক্রমের প্রমাণক সংযুক্ত করতে হবে।

(গ) সংস্থা/প্রতিষ্ঠানের নিজস্ব কার্যালয় থাকতে হবে। স্বপক্ষে প্রমাণক হিসেবে সংস্থা/প্রতিষ্ঠানের নাম সম্বলিত জমির দলিল অথবা ভাড়ার হালনাগাদ চুক্তিপত্র দাখিল করতে হবে।

(ঘ) সংস্থা/প্রতিষ্ঠানের অনুমোদিত গঠনতন্ত্র থাকতে হবে।

(ঙ) গঠনতন্ত্র অনুযায়ী সংস্থা/প্রতিষ্ঠানের নিয়মিত সভা অনুষ্ঠানের প্রমাণাদি আবেদনের সাথে আপলোড করতে হবে।

(চ) সংস্থা/প্রতিষ্ঠানের নিয়মিত আয়ের উৎস থাকতে হবে।

(ছ) সংস্থা/প্রতিষ্ঠানের নামে বাংলাদেশের যেকোন তফসিলি ব্যাংকে একটি হিসাব থাকতে হবে এবং বিগত ০১ (এক) বছরের গচ্ছিত অর্থের ব্যাংক সার্টিফিকেট, অঙ্গীকারনামা ও অডিট রিপোর্ট আবেদনপত্রের সাথে আপলোড করতে হবে। অনুদানের অর্থ ইএফটি এর মাধ্যমে উক্ত একাউন্টে প্রেরণ করা হবে। অন্যান্য উৎস হতে প্রাপ্ত সরকারী অনুদানের হিসাবও অডিট রিপোর্ট লিপিবদ্ধ করতে হবে।

(জ) বিগত ০৫(পাঁচ) অর্থবছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে অনুদান প্রাপ্ত হলে অনুদানের ব্যয় বিবরণী আপলোড করতে হবে।

৪। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে ২০২৫-২৬ অর্থবছরের অন্য কোন অনুদান গ্রহণ করলে উক্ত সংস্থা/প্রতিষ্ঠান এ অনুদানের যোগ্য হবে না।

৫। আবেদনের সাথে দাখিলকৃত তথ্য/প্রমাণক অসত্য/ভূয়া প্রমাণিত হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠান/আবেদনকারীর বিরুদ্ধে যথাযথ আইনানুগ/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। অনলাইনে দাখিলকৃত আবেদনপত্র ও সংশ্লিষ্ট সকল কাগজপত্রের প্রিন্ট কপি একত্রে ডাকযোগে (সিনিয়র সহকারী সচিব, বিপ্র-৭ শাখা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, কক্ষ নং ৯১৯, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০) প্রেরণ করতে হবে। **মন্ত্রণালয়ে আবেদন পৌঁছানোর শেষ তারিখ ২০ জুলাই ২০২৫।**

৭। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় আবেদনের সময়সীমা ও শর্তাবলি পরিবর্তন বা অনুদান ব্যবস্থাপনার স্বার্থে যে কোন নতুন শর্ত আরোপ করার অধিকার সংরক্ষণ করে।

(আবেদন সংক্রান্ত কোন জিজ্ঞাসা থাকলে সংশ্লিষ্ট (https://support.most.gov.bd/en/login) সাইটে পোস্ট করা যেতে পারে অথবা সাপোর্ট নম্বরে (+880 1713-157012, +8801920-815304) যোগাযোগ করা যেতে পারে।

মোঃ নাজমুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৫৫১০০৩৮৩
E-mail:st7@most.gov.bd